



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

০৭ চৈত্র, ১৪২৯

তারিখঃ -----

২১ মার্চ, ২০২৩

এসিডি সার্কুলার লেটার নং - ০২

ব্যবস্থাপনা পরিচালক /প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

ঢাকা/রাজশাহী।

দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার)
কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ১৭ নভেম্বর ২০২২ এর ৮(ক) অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় উক্ত অনুচ্ছেদে বর্ণিত খাতসমূহের সাথে 'গরু মোটাজাকরণ' খাত অন্তর্ভুক্ত করা হলো।

এক্ষেত্রে, আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণের পুঞ্জীভূত মাসিক বিবরণী (সংযুক্ত ছক মোতাবেক) পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

সংযোজনীঃ ১ (এক) পাতা।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল কালাম আজাদ)

পরিচালক (এসিডি)

ফোনঃ ৯৫৩০১৩৮

দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায়
 ঋণ বিতরণের পঞ্জিত্ত বিবরণী (মাসিক ভিত্তিক)

ব্যাংকের নামঃ

বিবরণীর সময়কালঃ -- / -- / ---- তারিখ পর্যন্ত

(লক্ষ টাকায়)

জেতার নাম	উপজেলার নাম	শাখার নাম	বরাদ্দের পরিমাণ	অনুমোদিত ঋণের পরিমাণ	বিতরণকৃত ঋণের পরিমাণ						বরাদ্দের তুলনায় ঋণ বিতরণের হার (%)	ঋণ প্রাপ্ত বর্গাচারীর সংখ্যা	ঋণ প্রাপ্ত কৃষক /গ্রাহকের সংখ্যা	
					ধান	মৎস্য	পোল্ট্রি	দুগ্ধ উৎপাদন	গরু মোটাতাজাকরণ	শাক-সবজি				ফল ও ফুল
সর্বমোট														



১৫/১০/১৯